অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/1/2023 **গভর্নর ক্যাথি হোকল**

মন্টগোমারি কাউন্টিতে দুইটি সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্প চালু হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

ভেডার্সবার্গ অ্যাপার্টমেন্ট এবং হল্যান্ড সার্কেল অ্যাপার্টমেন্ট আমস্টারডাম সিটি ও টাউনে 110টি সাশ্রয়ী ও সহায়তামূলক বাড়ি যোগ করবে

গভর্নর ক্যাথি হোকল আজ দুইটি নতুন উন্নয়ন প্রকল্প চালু হওয়ার কথা ঘোষণা করেছেন যা মন্টগোমারি কাউন্টিতে মোট 110টি সাশ্রয়ী ও সহায়তামূলক বাড়ি নিয়ে আসবে। সম্প্রতি আমস্টারডাম সিটিতে নির্মাণকাজ সম্পন্ন হওয়া ভেডার্সবার্গ অ্যাপার্টমেন্টসে (Veddersburg Apartments) 62টি অ্যাপার্টমেন্ট রয়েছে এবং এখন আমস্টারডাম টাউনে চালু হওয়া হল্যান্ড সার্কেল অ্যাপার্টমেন্টস (Holland Circle Apartments) 48টি বাড়ি প্রদান করছে।

"স্টেটের সহায়তার সুবাদে, এই দুইটি নতুন উন্নয়ন প্রকল্প মন্টগোমেরি কাউন্টির পরিবারগুলো যাতে নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়ার মতো একটি নিরাপদ, স্থিতিশীল, ও সাশ্রয়ী স্থান পায় সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করবে," **বলেছেন গভর্নর হোকল।** "আমার প্রশাসন সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসন খাতে এবং মোহাক ভ্যালিতে এবং এর বাইরে আবাসন সরবরাহ বৃদ্ধির জন্য আমাদের চলমান অঙ্গীকারাবদ্ধতায় কৌশলগত বিনিয়োগের মাধ্যমে আরো বেশি সাশ্রয়ী এবং আরো বেশি বসবাসযোগ্য একটি নিউ ইয়র্ক গড়ে তোলার জন্য আমাদের রূপকল্প বাস্তবায়নের লক্ষ্যে অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে।"

ভেডার্সবার্গ অ্যাপার্টমেন্টস এবং হল্যান্ড সার্কেল অ্যাপার্টমেন্টস গভর্নর হোকলের 25 বিলিয়ন ডলারের সমন্বিত আবাসন পরিকল্পনার অংশ যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

গত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) মন্টগোমেরি কাউন্টিতে বহুপরিবারভিত্তিক ভবনগুলোতে 200টিরও বেশি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি বা সংরক্ষণ করার জন্য 37 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে।

ভেডার্সবার্গ অ্যাপার্টমেন্টস

251 ইস্ট মেইন স্ট্রিটে অবস্থিত 21 মিলিয়ন ডলারের ভেডার্সবার্গ অ্যাপার্টমেন্টসে 62টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট রয়েছে, যার মধ্যে 31টি অ্যাপার্টমেন্ট অনসাইট সহায়তামূলক পরিষেবাসমূহের অ্যাক্সেস পাবেন এমন ব্যক্তিদের জন্য সংরক্ষিত রাখা হয়েছে। সহায়তামূলক পরিষেবাসমূহের কার্যক্রম পরিচালনা করার তহবিল এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ (Empire State Supportive Housing Initiative) এবং স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health)-এর মাধ্যমে প্রদান করা হচ্ছে।

ভেডার্সবার্গ অ্যাপার্টমেন্টস নির্মিত হওয়ার ফলে দীর্ঘ দিন ধরে ধ্বংসপ্রায় অবস্থায় থাকা একটি সম্পত্তি পুনরায় ব্যবহৃত হচ্ছে যেখানে তিনটি আবাসিক বাড়ি এবং কয়েকটি খালি পড়ে থাকা বাণিজ্যিক ভবন সহ বেশ কয়েকটি খালি কাঠামো ছিল।

62,000 বর্গফুট আয়তনের তিনতলা ভবনটিতে 12টি স্টুডিও অ্যাপার্টমেন্ট, 46টি এক বেডরুমের ইউনিট, এবং চারটি দুই বেডরুমের ইউনিট রয়েছে। অ্যাপার্টমেন্টগুলো এলাকার মধ্যমান আয়ের 30 থেকে 60 শতাংশ আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে। NYSERDA-এর লো রাইজ নতুন নির্মাণ কর্মসূচি (Low Rise New Construction) এবং LEED সংস্করণ 4, BD+C হোমস-এর বিধিমালা অনুযায়ী এই উন্নয়ন প্রকল্পের নকশা প্রণয়ন করা হয়েছে।

ভেডার্সবার্গ অ্যাপার্টমেন্টসের জন্য অর্থায়নের মধ্যে স্টেট ও ফেডারেল নিম্ন-আয়ের আবাসনের জন্য কর ক্রেডিট হিসেবে 14 মিলিয়ন ডলার এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল থেকে 5 মিলিয়ন ডলারের ভর্তুকি অন্তর্ভুক্ত রয়েছে। কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন (Community Preservation Corporation) নির্মাণকাজের জন্য 11 মিলিয়ন ডলারের ঋণ প্রদান করছে এবং ক্যাপিটাল রিজিয়ন ল্যান্ড ব্যাংক (Capital Region Land Bank) 50,000 ডলারের অনুদান প্রদানের মাধ্যমে সহায়তা করবে। নিউ ইয়র্ক স্টেটের অফিস অব মেন্টাল হেলথ 209,000 ডলারের প্রকল্প উন্নয়ন অনুদান এবং প্রতি বছর ESSHI-এর মাধ্যমে কার্যক্রম পরিচালনা করার তহবিল হিসেবে 775,000 ডলার প্রদান করবে। নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (Energy Research and Development Authority) এটির নতুন নির্মাণকাজ কর্মসূচির মাধ্যমে 57,200 ডলারের একটি অনুদান প্রদান করছে।

হল্যান্ড সার্কেল অ্যাপার্টমেন্টস
আমস্টারডাম টাউনে 160 হল্যান্ড সার্কেল ড্রাইভে অবস্থিত 20 মিলিয়ন ডলারের হল্যান্ড সার্কেল অ্যাপার্টমেন্টসে পাঁচটি ভবন নিয়ে গঠিত একটি কমপ্লেক্সে 48টি নবনির্মিত সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট রয়েছে, যার মধ্যে 27টি ইউনিট ফুল্টন ও মন্টগোমারি কাউন্টিতে মেন্টাল হেলথ অ্যাসোসিয়েশন (Mental Health Association) কর্তৃক সরবরাহকৃত অনসাইট সহায়তামূলক পরিষেবাসমূহের অ্যাক্সেস পাবেন এমন ব্যক্তিদের জন্য সংরক্ষিত রয়েছে। সব অ্যাপার্টমেন্ট এলাকার মধ্যমান আয়ের 60 শতাংশের কম আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে।

হল্যান্ড সার্কেল NYSERDA-এর লো রাইজ নতুন নির্মাণ কর্মসূচি এবং LEED ফর হোমস V4 কর্মসূচির মানদণ্ডসমূহের সাথে সঙ্গতি রক্ষা করে নির্মিত হয়েছে, এবং এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স এবং পানি সংরক্ষণকারী প্লাম্বিং ফিক্সচার ইত্যাদি বৈশিষ্ট্য কাজে লাগাবে। অধিবাসীরা বিনামূল্যে

ব্রডব্যান্ড ওয়াই-ফাই এবং অনসাইট এক্সারসাইজ রুম সহ বিভিন্ন সুযোগ-সুবিধা উপভোগ করবেন।

হল্যান্ড সার্কেল অ্যাপার্টমেন্টসের জন্য অর্থায়নের মধ্যে নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল পর্যায়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট হিসেবে 9 মিলিয়ন ডলার এবং HCR-এর তরফ থেকে 2 মিলিয়ন ডলারের ভর্তুকি অন্তর্ভুক্ত রয়েছে। কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন নির্মাণকাজের জন্য 6 মিলিয়ন ডলারের একটি ঋণ এবং 8 মিলিয়ন ডলারের একটি স্থায়ী ঋণ প্রদান করছে, যেটির জন্য নিউ ইয়র্ক স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health, OMH) ঋণ পরিষেবা প্রদান করবে। এছাড়াও OMH 5টি SP-SRO ইউনিটের জন্য প্রতি বছর 103,295 ডলারের কার্যক্রম পরিচালনা করার তহবিল এবং লাইসেন্সপ্রাপ্ত অ্যাপার্টমেন্ট ট্রিটমেন্ট ইউনিটগুলোর জন্য চলমান কার্যক্রম পরিচালনা করার অর্থায়ন প্রদান করবে। নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ এটির নতুন নির্মাণকাজ কর্মসূচির মাধ্যমে 48,000 ডলারের একটি অনুদান প্রদান করবে।

উভয় প্রকল্প ডি পল হাউজিং ম্যানেজমেন্ট কর্পোরেশন (DePaul Housing Management Corporation) ডেভেলপ করছে।

নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "নতুন এই দুইটি উন্নয়ন প্রকল্প যে আধুনিক, জ্বালানি-দক্ষতাসম্পন্ন আবাসন এবং অতি গুরুত্বপূর্ণ পরিষেবাসমূহ প্রদান করার মাধ্যমে 110টি পরিবারের জন্য জীবনযাপনের মান উন্নত করবে তাই নয়, বরং সেগুলো আমস্টারডামের চলমান পুনরুজ্জীবিতকরণেও অবদান রাখবে এবং গত বছর স্ট্র্যাটন অ্যাপার্টমেন্টস (Stratton Apartments) সংস্কারের মাধ্যমে অর্জিত অগ্রগতিকে এগিয়ে নিয়ে যাচ্ছে। এসব উন্নয়ন প্রকল্পকে বাস্তবে পরিণত করা এবং আশেপাশের এলাকাগুলো উন্নত করা এবং নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটিগুলোতে সাশ্রয়ী বাড়ির সরবরাহ বৃদ্ধি করার জন্য আমাদের মিশনে সহায়তা করার ক্ষেত্রে তাদের ভূমিকার জন্য ডি পল এবং আমাদের বহু বেসরকারি ও স্টেট পর্যায়ের অংশীদারদেরকে ধন্যবাদ।"

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "NYSERDA ভেডার্সবার্গ এবং হল্যান্ড সার্কেল সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্পে সহায়তা করতে পেরে আনন্দিত এবং কমিউনিটির প্রতি তাদের অঙ্গীকারাবদ্ধতার অংশ হিসেবে অনসাইট সহায়তামূলক পরিষেবাসমূহ অন্তর্ভুক্ত করার জন্য ডেভেলপারদেরকে সাধুবাদ জানায়। ইতোপূর্বে যথাযথভাবে ব্যবহার না হওয়া সম্পত্তির পুনরুজ্জীবিতকরণের জন্য একটি রূপকল্পের মাধ্যমে, এসব কমপ্লেক্স একসঙ্গে মন্টগোমেরি কাউন্টির অধিবাসীদেরকে 110টি নতুন বাড়ি প্রদান করছে এবং একইসাথে প্রতিটি অঞ্চলে স্বাস্থ্যকর, নিরাপদ ও স্বাচ্ছন্দ্যপূর্ণ জ্বালানি-দক্ষতাসম্পন্ন আবাসন নিয়ে আসার জন্য স্টেটের অঙ্গীকারাবদ্ধতাকে এগিয়ে নিয়ে যাচ্ছে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা চার্লস স্কুমার বলেন, "মন্টগোমেরি কাউন্টির প্রত্যেক অধিবাসীর নিরাপদ সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস পাওয়ার অধিকার রয়েছে, এবং আমি গর্বিত যে

নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল পর্যায়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট আমাদের সবচেয়ে অসহায় অধিবাসীদেরকে স্বনির্ভরভাবে জীবনযাপন করতে সাহায্য করার জন্য একসময়ের দীর্ঘদিন ধরে পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকা দৃষ্টিকটু সম্পত্তিকে 100টিরও বেশি নতুন সাশ্রয়ী অ্যাক্সেসযোগ্য বাড়িতে রূপান্তরের জন্য প্রয়োজনীয় কয়েক মিলিয়ন ডলার সরবরাহ করছে। নিউ ইয়র্ক স্টেট জুড়ে সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস বৃদ্ধি করার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতাকে আমি সাধুবাদ জানাই, এবং আবাসনের সরবরাহ বৃদ্ধি করা এবং সবার জন্য আরো বেশি সাশ্রয়ী ও বসবাসযোগ্য একটি নিউ ইয়র্ক গড়ে তুলতে আমি অব্যাহতভাবে লড়াই চালিয়ে যাবো।"

সিনেটর ক্রিস্টেন গিলিব্র্যান্ড বলেন, "সাশ্রয়ী আবাসন বিকল্পের অ্যাক্সেস সম্প্রসারণ করা নিউ ইয়র্কবাসীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসব নতুন আবাসন উন্নয়ন প্রকল্প আমরা যাতে মন্টগোমেরি কাউন্টির আবাসন ও পরিষেবার চাহিদা পূরণ করতে পারি সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করবে। মন্টগোমেরি কাউন্টি কমিউনিটির জন্য এবং স্টেটজুড়ে সাশ্রয়ী আবাসন সম্প্রসারণের জন্য গভর্নর হোকলের প্রচেষ্টায় সহায়তা করতে পেরে আমি গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য অ্যাঞ্জেলো সান্তাবারবারা বলেন, "আমস্টারডামে ডি পল-এর দুইটি নতুন কমপ্লেক্সের নির্মাণকাজ সম্পন্ন হওয়ার মধ্য দিয়ে আমরা এখন 100-এরও বেশি নিম্ন-আয়ের পরিবার ও ব্যক্তিকে সাশ্রয়ী মূল্যে নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়ার মতো একটি স্থান প্রদান করতে পারবো। সিটির ইস্ট এন্ডে অবস্থিত জ্বালানি-দক্ষতাসম্পন্ন ভেডার্সবার্গ অ্যাপার্টমেন্টস মানসিক স্বাস্থ্য সমস্যার সম্মুখীন হওয়া অধিবাসীদের জন্য 31টি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত রাখবে যারা ডি পল কর্তৃক সরবরাহকৃত অনসাইট সহায়তামূলক পরিষেবার অ্যাক্সেস পাবেন। একইভাবে, আমস্টারডাম টাউনের হল্যান্ড সার্কেল অ্যাপার্টমেন্টসে ফুল্টন ও মন্টগোমেরি কাউন্টিতে মেন্টাল হেলথ অ্যাসোসিয়েশন কর্তৃক সরবরাহকৃত অনসাইট সহায়তামূলক পরিষেবাসমূহের প্রয়োজন হওয়া অধিবাসীদের জন্য 27টি ইউনিট সংরক্ষিত রাখা হয়েছে। আবাসনের অ্যাক্সেস অবশ্যই মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা মোকাবেলায় ক্ষেত্রে সামনের সারিতে থাকতে হবে, কারণ এই দুইটি চ্যালেঞ্জ একটি অপরটিকে খারাপের দিকে নিয়ে যেতে দেখা যায়। আমাদের কমিউনিটির বহু মানুষ নিরাপদ আবাসনের জন্য সংগ্রামে লিপ্ত রয়েছেন। যদিও এসব প্রকল্প আমাদের কমিউনিটির আবাসন চাহিদা পূরণ করতে সাহায্য করবে, আমার জন্য এই প্রচণ্ড চাহিদা মোকাবেলা করা একটি শীর্ষ অগ্রাধিকার হিসেবে রয়ে গেছে।"

আমস্টারডামের মেয়র মাইক চিকুয়ান্তি বলেন, "আমাদের সিটি রোমাঞ্চিত যে ডি পল আমস্টারডামে বিনিয়োগ করাকে বেছে নিয়েছে। মিউনিসিপ্যালিটির অধিবাসীদের আকাঙ্ক্ষা, চাহিদা ও ক্রয়ক্ষমতা অনুযায়ী মানসম্মত আবাসন সরবরাহ করতে সাধ্যমতো কাজ করে যাওয়া প্রতিটি মিউনিসিপ্যালিটির দায়িত্ব। ভেডার্সবার্গ অ্যাপার্টমেন্টস মানসম্মত নির্মাণকাজ এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ, অত্যন্ত মর্যাদাপূর্ণ সহায়তামূলক পরিষেবাসমূহ প্রদান করার মাধ্যমে আমাদের সিটির আবাসনের ইনভেন্টরিতে একটি অতি গুরুত্বপূর্ণ শূন্যস্থান পূরণ করছে।"

ডি পলের প্রেসিডেন্ট মার্ক ফুলার বলেন, "হল্যান্ড সার্কেল এবং ভেডার্সবার্গ অ্যাপার্টমেন্টস চালু হওয়া মন্টগোমারি কাউন্টিতে বসবাসকারী ব্যক্তি ও পরিবারগুলোর জন্য সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসনের লভ্যতা বৃদ্ধি করছে এবং কর্মসংস্থান সৃষ্টি করার মাধ্যমে স্থানীয়

অর্থনীতিতে অবদান রাখবে এবং একইসাথে বিদ্যমান কমিউনিটি পরিষেবাসমূহের সঙ্গে সম্পৃক্ততা বৃদ্ধি করবে। অধিবাসীরা সফলভাবে বসবাস করার জন্য তাদের প্রয়োজনীয় সহায়তামূলক পরিষেবাসমূহ অ্যাক্সেস করতে পারবেন এমন দীর্ঘমেয়াদী বা স্থায়ী আবাসন প্রদান করার জন্য আমাদের সক্ষমতা বৃদ্ধি করতে তাদের সহায়তার জন্য ডি পল গভর্নর ক্যাথি হোকল এবং অংশীদারদের প্রতি কৃতজ্ঞ। সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য আবাসনের স্থিতিশীলতা প্রদান করার মাধ্যমে মন্টগোমেরি কাউন্টিতে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে আমরা আরো বেশি মানুষের জীবন পরিবর্তন করতে পারবো বলে প্রত্যাশা রাখি।"

কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং রাজধানী অঞ্চলের ডিরেক্টর মিলি ডিয়েন বলেন, "ভেডার্সভার্গ ও হল্যান্ড সার্কেল অ্যাপার্টমেন্টস উভয়েই আবাসন খাতে মিশন কেন্দ্রিক বিনিয়োগ কিভাবে একটি কমিউনিটির অনন্য চাহিদাগুলো পূরণ করতে পারে তার একটি উদাহরণ। এসব নতুন উন্নয়ন প্রকল্প মানসম্মত সাশ্রয়ী আবাসনের লভ্যতা সম্প্রসারণ করতে সাহায্য করবে এবং একটি নিরাপদ ও সহায়তামূলক পরিবেশ প্রদান করবে যেখানে লোকজন তাদের প্রাপ্য মর্যাদা ও সম্মান নিয়ে বসবাস করতে পারবে। আমি ডি পলকে আমাদের কমিউনিটিগুলোতে সহায়তামূলক আবাসনকে একীভূত করার ব্যাপারে তাদের অঙ্গীকারাবদ্ধতার জন্য, NYS হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালকে তাদের অব্যাহত কাজের জন্য, এবং নিউ ইয়র্ককে আরো বেশি সাশ্রয়ী ও সমতাপূর্ণ করে তোলার জন্য আমাদের সব অংশীদারকে ধন্যবাদ জানাতে চাই।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418